দৈনিক
ইত্তেফাক

তারিখ 11 FEB 2007
পৃষ্ঠা ৯ কলাম ২

Foreign ৬৬

# বৃটেনের স্কুলে বাংলা আরবী উর্দু ভাষা পড়ানো হবে

॥ লন্ডন থেকে পিটিআই ॥

বৃটেনে স্কুলগামী কিশোর-কিশোরীরা এখন আরবী, উর্দু, বাংলা ও চীনা ভাষা শেখার সুযোগ পাবে। বর্তমান বিশ্ব অর্থনীতিতে বিরাজমান ব্যবস্থায় জার্মান ও ফরাসী ভাষার চেয়ে এই ভাষাগুলো অনেক বেশী প্রয়োজনীয় ও উপযোগী বলে মনে করা হচ্ছে। খোদ গ্রেট বৃটেনেও লন্ডন থেকে প্রকাশিত সানডে টাইমস সংবাদপত্রের রিপোর্টে বৃটিশ শিক্ষামন্ত্রী অ্যালান জনসনের এ সংক্রান্ত প্রস্তাবনার উদ্ধৃতি দিয়ে বলা হয়েছে, বৃটেনের শিক্ষা ব্যবস্থায় পরিকল্পিত সংস্কারে এগারো থেকে ১৪ বছর বয়সী বালক-বালিকা ও কিশোর-কিশোরীদের নতুন ব্যবস্থার আওতায় শিক্ষাক্রমে একটি বিদেশী ভাষা শিখতে হবে এবং এক্ষেত্রে তাদেরকে আরবী, উর্দু, বাংলা ও চীনা ভাষার মধ্যে থেকে যে কোন একটি ভাষা বেছে নিতে হবে। ইউরোপীয় অন্যকোন ভাষা শিক্ষার প্রয়োজনীয়তা হ্রাস করে এশিয়ার এই ভাষাগুলো শেখার তাগিদ সম্বলিত অ্যালান জনসনের এই প্রস্তাব আগামীকাল সোমবার আনুষ্ঠানিকভাবে পেশ করা হবে। বৃটিশ সরকারের শিক্ষা উপদেষ্টা সানডে টাইমসকে বলেছেন, কোন্ কোন্ ভাষা সবচেয়ে বেশী গুরুত্বপূর্ণ সে বিষয়ে সরকার জাতীয় বিতর্ক শুরু করতে চায়। আমাদের দেশে ইউরোপীয় ইউনিয়নভুক্ত বহু দেশের ভাষাই শিক্ষা দেয়া হয়। কিন্তু তারপরও রাষ্ট্রীয় স্কুলগুলো আরবী ও চীনা ভাষার মত এশীয় ভাষা শিক্ষাদানে অগ্রহী। আগামী বছর অর্থাৎ ২০০৮ সাল থেকে প্রস্তাবিত নতুন ব্যবস্থা বহাল হবে বলে ধারণা করা হচ্ছে।